তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

### মন্ত্রিসভা কমিটির বৈঠক

# অনুপস্থিত শিক্ষার্থীর তথ্য রাখতে হবে

■ ফসিহ উদ্দীন মাহতাব

জঙ্গিবাদ নিয়ন্ত্রণে শিক্ষা প্রতিষ্ঠানে দীর্ঘদিন অনুপস্থিত থাকা শিক্ষার্থীদের ওপর নজরদারি বাড়ানোর নির্দেশনা দেওয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ নির্দেশনা দিয়ে বলা হয়, অনুপস্থিত শিক্ষার্থীর বিষয়ে তথ্য রাখতে হবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের তথ্য রাখবে। বৈঠক সূত্রে এসব তথ্য জানা যায়।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ও শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। বৈঠকে বলা হয়, মাদকের ভয়াবহ ছোবল থেকে যুব সমাজকে রক্ষা করতে

■ পৃষ্ঠা ৪ : কলাম ৬

# অনুপস্থিত শিক্ষার্থীর তথ্য

[প্রথম পৃষ্ঠার পর]

সকল শ্রেণি-পেশার মানুষকে এগিয়ে আসতে হবে। প্রভাবশালীরা মাদক ব্যবসায় জড়িত থাকলে তাদের আইনের আওতায় আনতে হবে। সীমান্তপথে মাদকদ্রব্য ইয়াবা ও ফেনসিডিল যাতে ঢুকতে না পারে সেজন্য বিজিবিকে কঠোরভাবে সতর্ক থাকতে হবে। এ ছাড়া মাদক, চাঁদাবাজি, জঙ্গিবাদ ও সন্ত্রাসীদের প্রতি কঠোর হতে আইন-শৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে। সড়ক দুর্ঘটনা বেড়ে যাওয়ায় উদ্বেগ করে তা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতেও বলা হয়। কমিটির সদস্যদের মধ্যে বৈঠকে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, পানিসম্পদমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, নৌ পরিবহনমন্ত্রী শাজাহান খান, শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মুজিবুল হক চুন্নু, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সচিব ড. কামাল উদ্দিন আহমেদসহ বিভিন্ন গোয়েন্দা সংস্থার প্রধানরা।

সূত্র জানায়, আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হওয়ায় সভায় উপস্থিত সবাই সন্তোষ প্রকাশ করেন। জঙ্গিবাদ দমনে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পদক্ষেপকে প্রশংসা করা হয়। তবে মাদক ও জঙ্গিবাদের বিষয়ে জিরো টলারেন্স নীতি বাস্তবায়ন করতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে নির্দেশ দেওয়া হয়। মাদকের সঙ্গে যারাই জড়িত থাকুক, তাদের আইনের আওতায় আনতে বলা হয়েছে। পাশাপাশি জঙ্গিবাদ যাতে আবারও মাথাচাড়া দিয়ে না উঠতে পারে সে বিষয়েও কঠোর নির্দেশনা দেওয়া হয়।

বৈঠক শেষে আমির হোসেন আমু সাংবাদিকদের বলেন, মাদকের ভয়াবহ ছোবল থেকে যুবসমাজকে রক্ষা করতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্টদের কঠোর নির্দেশ দেওয়া হয়েছে।